**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**4 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) দরিদ্রদের কল্যাণে সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করার ফলে ২৫ কোটি মানুষ দারিদ্যতা থেকে মুক্তি পেয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড.এস জয়শঙ্করের সঙ্গে নতুনদিল্লীতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার সাক্ষাৎ ।

৩) রাজ্যের ১২ হাজার ৩৭৫ টি বিদ্যালয়ে আজ গুণোৎসবের তৃতীয় পর্যায় আরম্ভ । গুণোৎসব শুধুমাত্র একটি মূলায়ন পর্ব নয় ,এটি শিক্ষার মানোন্নয়নের এক বৃহৎ প্রয়াস বলে কাছাড় জেলা আয়ুক্তের মন্তব্য ।

৪) ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহের বক্সিং য়ে লাভলীনা বরগোঁহাই ,অভিনব শইকিয়ার পদক নিশ্চিত ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে তাঁর সরকার দুস্থঃ লোকেদের কল্যাণে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে যার ফলে ২৫ কোটি লোক দারিদ্রতা থেকে মুক্তি পেয়েছে ।সরকারের কঠোর প্ররিশ্রম এবং দায়বদ্ধতার জন্যই এটি সম্ভব হয়েছে বলে তিনি মন্তব্য করেন

।প্রধানমন্ত্রী আজ লোকসভায় রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদ সূচক বক্তব্যে একথা বলেন ।সরকারের গ্রহণ করা বিভিন্ন কল্যাণমূলক পদক্ষেপের বিষয়ে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে দুস্থঃ লোকেদের জন্য দেশের বিভিন্ন প্রান্তে চার কোটি গৃহ নির্মাণ করা হয়েছে এবং ১২ কোটি শৌচালয় এবং জলজীবন মিশনের অধীনে ১২ কোটি গৃহে পাইপের মাধ্যমে জল সরবরাহ করা হচ্ছে । যার ফলে জলবাহিত রোগের বিস্তার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং বিশেষভাবে মহিলারা উপকৃত হচ্ছেন । এবারের বাজেটে ১২ লক্ষ টাকা আয় পর্যন্ত কর ছাড় দেওয়া হয়েছে যা মধ্যবিত্ত লোকেদের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য পদক্ষেপ বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

---

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিজেপি সরকার কৃষকদের আয় বৃদ্ধি করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ ।আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সামগ্রীর উৎপাদন ব্যয়ের তুলনায় ৫০ শতাংশ যাতে লাভ হয় তারজন্য সরকার ২০১৯ সাল থেকে নূন্যতম সমর্থন মূল্য নির্ধারণ করছে । বিশ্বের মধ্যে ভারতে সর্বাধিক নারিকেল উৎপাদন হওয়ার বিষয়টি অতি গৌরবের বলে উল্লেখ করে শ্রী চৌহান বলেন যে নারিকেল উৎপাদনের ক্ষেত্রে সরকার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।

---

আসামের শিল্প ও বিনিয়োগ পরিকাঠামো শক্তিশালী করার লক্ষ্যে দ্বিতীয়বারের জন্য আয়োজিত এডভান্টেজ আসাম সম্মেলনের পরিপ্রেক্ষিতে

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড.এস জয়শঙ্করের সঙ্গে নতুনদিল্লীতে  সাক্ষাৎ করেন । মূখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে এই সম্মেলনে আমন্ত্রণ জানান এবং শ্রী জয়শঙ্কর  দেশের এক্ট-ইস্ট নীতিতে আসামের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে এডভান্টেজ আসাম কার্যসূচীতে আলোকপাত করবেন বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে তিনি এই সম্মেলনের পরিপ্রেক্ষিতে ভূটান ,দক্ষিণ কোরিয়া ও জাপান সফরসূচীর বিষয়েও মন্ত্রী শ্রী জয়শঙ্করকে অবগত করেন । এদিকে এই সম্মেলনের সঙ্গে সঙ্গতি রেখে একটি আর্ন্তজাতিক প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে । রাজস্ব ও দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী কেশব মহন্ত আজ প্রদর্শনী উপ-সমিতির আধিকারিকদের সঙ্গে  প্রদর্শনীর আয়োজনের সঙ্গে জড়িত বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করতে এক বৈঠকে মিলিত হন । সেইসঙ্গে তিনি গৌহাটীর খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে প্রদর্শনীস্থলও পরিদর্শন করেন ।

---

আজ বিশ্ব কর্কট দিবস । কর্কট রোগ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি সহ এই রোগে আক্রান্তদের সহনশীলতা এবং এর বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে রোগীদের পরিবারের প্রতি সম্মান জানিয়ে প্রতি বছর চৌঠা ফেব্রুয়ারী বিশ্ব কর্কট রোগ দিবস পালন করা হয় । এবছরের কর্কট রোগ দিবসের মূল মন্ত্র হচ্ছে----UNITED BY UNIQUE । এই দিবস উপলক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন চিকিৎসালয় ,প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বেশকয়েকটি কার্যসূচী গ্রহণ করা হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায়  কর্কট রোগের চিকিৎসার ক্ষেত্রে রাজ্য সরকারের গ্রহণ করা উৎকৃষ্ট চিকিৎসা সেবার বিষয়ে উল্লেখ করেছেন ।

---

শিলচর ক্যান্সার সেন্টারের উদ্যোগে আজ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে বিশ্ব ক্যান্সার দিবস পালন করা হয়েছে । সকাল বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ডক্টর ফুলকুমারী তালুকদার সচেতনতা র‍্যালীর উদ্বোধন করেন । পরে আয়োজিত সচেতনতা সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন যে ক্যান্সার একটি ক্রমবর্ধমান জনস্বাস্থ্য সমস্যা এবং সচেতনতার মাধ্যমেই ক্যান্সারকে প্রতিরোধ করা যাবে । জেলা প্রশাসন ক্যান্সার  সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধিতে সক্রিয়ভাবে কাজ করে যাবে এবং ক্যান্সার চিকিৎসা সহজলভ্য করতে বহুমূখী  সহযোগীতার প্রয়োজন রয়েছে বলে জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান ।

---

কাছাড় জেলা সহ রাজ্যের ১২ হাজার ৩৭৫ টি বিদ্যালয়ে আজ গুণোৎসবের তৃতীয় পর্যায় আরম্ভ হয়েছে । কাছাড় ,ডিমা হাসাও ,বঙ্গাইগাঁও ডিব্রুগড় ,বিশ্বনাথ ,দরং ,মরিগাঁও ,গোয়ালপারা , মাজুলী ও নলবারী জেলায় আগামী ৭ ফেব্রুয়ারী পর্যন্ত তৃতীয় পর্যায়ের গুণোৎসব অনুষ্ঠিত হবে । আজ স্ব-মূল্যায়ন এবং আগামীকাল থেকে ৭ ফেব্রুয়ারী পর্যন্ত বহিঃমূল্যায়ন করা হবে । এই পর্যায়ে মোট ৪ হাজার ৯৬৭ জন বহিঃমূল্যায়ক ১১ লক্ষ ৩৮ হাজার ২৭৫ জন শিক্ষার্থীর বহিঃমূল্যায়ন করবেন ।

---

কাছাড় জেলায় গুণোৎসব ২০২৫ এর বিষয়ে প্রতিক্রিয়া ব্যাক্ত করতে গিয়ে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন যে গুণোৎসব শুধুমাত্র একটি মূলায়ন পর্ব নয় ,এটি শিক্ষার মানোন্নয়নের এক বৃহৎ প্রয়াস । প্রশাসন ,শিক্ষক ও অভিভাবকদের সম্মিলিত প্রচেষ্টায়  শিক্ষার ক্ষেত্রে নতুন

মাইলফলক স্থাপন করতে এবং শিক্ষার্থীদের ভবিষ্যত গঠনে প্রতিশ্রুতিবদ্ধ বলেও জেলা আয়ুক্ত উল্লেখ করেন ।

উল্লেখ্য আজ থেকে আগামী ৭ ফেব্রুয়ারী পর্যন্ত জেলার প্রতিটি সরকারী ও প্রাদেশীকৃত বিদ্যালয়ের প্রথম থেকে নবম শ্রেণীর ছাত্র ছাত্রীদের এক সামগ্রিক মূল্যায়নের আওতায় আনা হবে । শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এই কার্যসূচীর সূচনায় উপস্থিত থাকবেন রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু , কাছাড়ের অভিভাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া ,খাদ্য,গণবন্টন ও গ্রাহক সুরক্ষা ,খনি ও খনিজ এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রায় সহ বিশিষ্ট ব্যাক্তিরা ।

এই গুণোৎসবের মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদের শিক্ষাগত সক্ষমতার স্বচ্ছ মূল্যায়ন এবং নিম্নমানের বিদ্যালয়গুলির উন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ ।

---

রাজ্যের শিক্ষামন্ত্রী ডঃ রণোজ পেগু আগামীকাল হাইলাকান্দি আসছেন ।আগামীকাল সকাল ১০ টায় তিনি বন্দুকমারা মডেল রেসিডেন্সিয়াল স্কুল ভবনের উদ্বোধন করবেন । সকাল ১১ টায় শিক্ষামন্ত্রী শিক্ষা বিভাগের এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করবেন ।এরপর মন্ত্রী শ্রী পেগু শ্রীভূমির উদ্দেশ্যে রওয়ানা হবেন ।

---

উত্তরাখন্ডে আয়োজিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহের বক্সিংয়ে মহিলাদের ৭৫ কিলোগ্রাম শাখায় অলিম্পিক পদক জয়ী বক্সার লাভলীনা বরগোহাঁই সেমিফাইনালে প্রবেশ করেছে ।আজ অনুষ্ঠিত

কোয়ার্টার ফাইনালে লাভলীনা উত্তরাখণ্ডের প্রতিদ্বন্দীকে ৫-০ ব্যবধানে পরাজিত করে পদক নিশ্চিত করেছে । এদিকে পুরুষদের ৭১ কিলোগ্রাম শাখায় আসামের নবাগত বক্সার অভিনব শইকিয়াও আজকের কোয়ার্টার ফাইনাল খেলায়  উত্তরাখণ্ডের প্রতিদ্বন্দীকে ৫-২ ব্যবধানে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে ।

---

শিলচর রাধামাধব কলেজের বার্ষিক ক্রীড়া সপ্তাহের পুরষ্কার বিতরনি অনুষ্ঠান আজ কলেজ প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে । ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে বার্ষিক ক্রীড়া সপ্তাহে অংশগ্রহনকারী ছাত্র-ছাত্রীদের হাতে পুরষ্কার ও শংসা পত্র তুলে দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার খেল মহারনের দ্বিতীয় পর্বের ফাইনাল খেলা আগামীকাল সকাল ১১টা থেকে এস এস কলেজের খেলার মাঠে শুরু হবে । আগামী শনিবার পর্য্যন্ত এই প্রতিযোগীতা চলবে । আগামীকাল এথেলেটিক ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । আগামী বৃহস্পতিবার ফুটবল এবং দাবা ,আগামী শুক্রবার ভলিবল ও রোড সাইক্লিং এবং শনিবার সুইমিং সিলেকশন অনুষ্ঠিত হবে ।

---

আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে আগামী বৃহস্পতিবার থেকে হাইলাকান্দি টাউন হল প্রাঙ্গনে অসমী ভোগালী মেলা শুরু হবে । তিনদিন ব্যাপী আয়োজিত এই মেলায় জেলার বিভিন্ন আত্মসহায়ক গোষ্ঠি  তাদের তৈরী সামগ্রী  প্রদর্শন তথা বিক্রয় করবে এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয়েছে ।বৃহস্পতিবার বেলা ১২ টায় মেলার উদ্বোধনী করা হবে । পরে বেলা একটায় ‘জীবিকা সখীদের সাথে লাখপতি দিদি’ শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হবে । আগামী শুক্রবার সকাল ১১ টায় পি এম এফ এম ই এবং ব্যক্তিগত ঋণ বিতরণ সভা অনুষ্ঠিত হবে ।অনুরূপভাবে শনিবার দুপুর একটা থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান ,পুরস্কার বিতরণ এবং সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে রাজ্য সরকারের আগামী অর্থ বছর থেকে বিদ্যুতের মাশুল নির্ধারনের ক্ষেত্রে টাইম অফ ডে নীতি প্রবর্তন করে বিদ্যুতের মাশুল তিন ধরনের করার বিষয়ে এ পি ডি সি এল-এর প্রস্তাবের তীব্র বিরোধীতা করে আজ সমগ্র রাজ্যের সঙ্গে শিলচরেও জেলা আয়ুক্তের মাধ্যমে আসম বিদ্যুৎ নিয়ামক আয়োগের নিকট স্মারক পত্র পাঠানো হয়েছে । স্মারক পত্রে উল্লেখ করা হয় যে এ পি ডি সি এল-এর এই প্রস্তাব চূড়ান্ত জন বিরোধী । স্মারকপত্র প্রদানকালে প্রতিনিধি দলে দীপংকর চন্দ , কমল চক্রবর্তী , খাদেজা বেগম লস্কর প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx